নিক ইনকিলাব

তারিখ 16 DEC 1988
পৃষ্ঠা 5 কলাম 7

259

16 DEC 1988

## উচ্চ মাধ্যমিক পরীক্ষার্থীদের ইংরেজী সিলেবাস

এবারের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় শতকরা ৫৬ জন ছাত্র-ছাত্রী অকৃতকার্য হয়েছে। তাদের মধ্যে অনেকেই এক বিষয়ে অর্থাৎ ইংরেজীতে অকৃতকার্য হয়েছে। কাজেই, তাদেরকে আবারও '৮৯ সালের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। অনেকে আবার মান উন্নয়ন পরীক্ষা দিবে। পরীক্ষার আর মাত্র সাড়ে পাঁচ মাস বাকী। এমতাবস্থায় যদি নতুন সিলেবাস ('৮৯ সালের) অনুযায়ী পরীক্ষা দিতে হয় তা হলে ভাল ফলাফল তো দূরের কথা পাস করা কঠিন হয়ে পড়বে।

তাই, বোর্ড কর্তৃপক্ষ সমীপে আ[illegible] আবেদন, অতিসত্বর আমাদের [illegible] সালের ইংরেজী সিলেবাস অনু[illegible] পরীক্ষা দেয়ার অনুমতি দেয়া হো[illegible]

—মোঃ জাহাঙ্গীর হোসেন,
নটরডেম কলেজ।
মোঃ আলতাফ হো[illegible]
কবি নজরুল সরকারী কলেজ, ঢ[illegible]

## ইসলামী বিশ্ববিদ্যালয় প্রসঙ্গে

খবরের কাগজে দেখলাম ইসলামী বিশ্ববিদ্যালয় শান্তিডাঙ্গা দুলালপুরে স্থানান্তরের জন্য সেখানকার লোকজন আবেদন জানিয়েছেন। কিন্তু আমাদের কথা, ইসলামী বিশ্ববিদ্যালয় এক জায়গায় তৈরী হয়ে গেছে এবং ক্লাসও শুরু হয়ে গেছে। সেটা আবার স্থানান্তর করার কোনো প্রশ্নই ওঠে না। বরং আমাদের অনুরোধ, শান্তিডাঙ্গা দুলালপুরে আরো একটা ইসলামী বিশ্ববিদ্যালয় তৈরী করা হোক। আশা করি আমার এই মতের সাথে সবাই একমত পোষণ করবেন। আমাদের আবেদনটি কর্তৃপক্ষকে বিবেচনা করে দেখার অনুরোধ জানাচ্ছি।

—মীনা খান (তুলি),
মিরপুর, ঢাকা।